মুজিবনগরে পলাশীপাড়ার উদ্যোগে বিশ্ব মা দিবস উদযাপন

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে।

মুজিবনগরে মোনাখালী ইউনিয়নের দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি(সমৃদ্ধি) কর্মসূচির আওতায় আজ রবিবার (১২ মে) দুপুরে মোনাখালী সমৃদ্ধি শাখায় বিশ্ব মা দিবস উদযাপিত হয়েছে ।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকে এস এফ)এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর আয়োজনে, মোনাখালী ইউনিয়নের সর্বস্তরের মায়েদের নিয়ে মোনাখালী শাখায় বিশ্ব মা দিবস পালন করা হয়।

মা দিবস পালন উপলক্ষে মোনাখালী শাখায় আলোচনা সভার আয়োজন করা হয়, আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি আব্দুল মান্নান এসময় উপস্থিত ছিলেন প্রবীণ ইউনিয়ন কমিটির সাধারণ সম্পাদক আশকার মিয়া, এক নম্বর প্রবীণ ওয়ার্ড কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী হাসানুজ্জামান ও সমাজ উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রহিম আক্তার।অতিথিবৃন্দ বিশ্ব মা দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন।

মেহেরপুরে বিশ্ব মা দিবস পালিত

“শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা”এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব মা দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে আজ রবিবার

(১২ মে) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এছাড়াও এসময় জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক শামীম ভূঁইয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, জেলা সমাজসেবা কর্মকর্তা কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন প্রমূখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব মা দিবস উদযাপন

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে। আজ রবিবার (১২ মে) সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে, বিশ্ব মা দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসটি উদযাপন উপলক্ষে সকালে মজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয় র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়ে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিক, ৫ নম্বর ওয়ার্ড সদস্য রকিব উদ্দিনসহ উপজেলা কর্মকর্তা কর্মচারী এবং এলাকার মায়েরা।

কুষ্টিয়ায় বিশ্ব মা দিবসের আলোচনা সভা

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা বলেছেন, পৃথিবীর সবচেয়ে আপন হলো মা। তাই আসুন আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই, আমরা আমাদের কোনো আচরণে যেন মাকে কষ্ট না দিই।

আজ রবিবার (১২ মে) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব মা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদফতরের যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।

মায়ের প্রতি সন্তানের দায়িত্ব রয়েছে উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, সন্তানের সব সময় মনে রাখা উচিত, মায়ের ত্যাগের কারণেই সে আজ সে এই সুন্দর পৃথিবীতে এসেছে। যদি সে মাকে ভুলে যায়, কষ্ট দেয় বা অবহেলা করে- তাহলে সবই মিছে। সন্তানের পর্বত সমান সফলতা তখন মূল্যহীন। কিন্তু অতি দুঃখের সঙ্গে বলতে হয়, সেই মহান মায়ের প্রতি অনেক সন্তান আজকাল উদাসীন, অনেকে বেপরোয়া। এমনও শোনা যায়, সন্তান তার মাকে প্রহার করছেন, ঘর থেকে বের করে দিচ্ছেন, রাস্তায় মাকে ফেলে যাচ্ছেন, নিজে সুন্দর ঘরবাড়িতে বাস করেও মাকে রেখেছেন রান্নাঘরে।

পৃথিবীর সবচেয়ে আপন হলো মা উল্লেখ করে জেলা প্রশাসক আরও বলেন, মা ছাড়া এ দুনিয়ায় আপন কেহ নেই, বিপদে আপদে সবার আগেই মা ছুটে আসে। তাই আসুন, আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই, আমরা আমাদের কোনো আচরণে যেন মাকে কষ্ট না দিই। যাদের মা এখনো বেঁচে আছেন, সেই মায়ের জন্য জীবনের সর্বোচ্চটাই করার চেষ্টা করি। মা-বাবার সেবা-যত্ন করে আল্লাহর সন্তুষ্টি ও জান্নাত অর্জন করি। আল্লাহ আমাদের সবাইর পিতা-মাতাকে ভালো রাখুন। তাদের উত্তম সেবা করার তৌফিক দান করুন।

অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার,কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ

সুপার পলাশ কান্তি নাথ, মহিলা বিষয়ক অধিদফতরের উপপরিচলক নুরে সফুরা ফেরদৌসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

পরে ১৬ জন মাকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

গাংনীর তেঁতুলবাড়িয়াতে বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা

দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচির আওতায় বিশ্ব মা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে রবিবার (১২ মে) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নে সমৃদ্ধি শাখার কার্যালয়ে এ আলোচনা সভার অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন তেতুলবাড়ীয়া ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিফ। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির সভাপতি জনাব মোঃ রমজান আলী।

এছাড়াও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচির সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলামসহ তেতুলবাড়ীয়া ইউনিয়নের সর্বস্তরের মায়েরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব মা’ দিবস

উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

‘শেখ হাসিনার বারতা, নারী-পুরুষ সমতা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব মা’ দিবস পালন উপলক্ষে মুজিবনগর উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ রোববার (১৪ মে) দুপুরে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাসহ নানা শ্রেণীপেশার মানুষের অংশগ্রহনে একটি র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদঙ্গিণ শেষে উপজেলা পরিষদ চত্ত্বরে এসে শেষ হয়।

র্যালি শেষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা এর সভাপতিত্বে উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য দেন উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের জেন্ডার প্রমোটর নূরুননেছা খাতুন।

অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ট্রেড প্রশিক্ষক আসিয়া খাতুন।

দামুড়হুদায় বিশ্ব মা দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা’ এই শ্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো: মনিরুজ্জামান।

উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার ইপসি, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, উপজেলা সহকারী প্রোগ্রামার (আইসিটি) আরিফুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক সাজিদ হাসান, উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবীব, যুগ্ন সম্পাদক শেখ হাতেম, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহমেদ সন্জু, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেন, পবিত্র কোরআন শরিফে বাবার চেয়ে মায়ের অধিকার দেয়া হয়েছে তিনগুণ। সুতরাং সন্তানের জন্য মায়ের বিকল্প নেই। মা পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক অভিহিত করে তিনি আরও বলেন, বিষ্ণুপুরের একটি মা ৪টা সন্তান জন্ম দিয়েছেন। শত কষ্টকে বুকে চেপে মা আনন্দে উদ্দেলিত হয়ে হাসছে-খেলছে। এক কথায় মায়ের ঋণ কখনও শোধ করা যায় না।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। সার্বিক সহযোগিতায় ছিলেন অফিস সহকারী সুমন ও সাথি খাতুন।

চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবসে আলোচনা সভা ও স্বপ্নজয়ী

মায়েদের সম্মাননা প্রদান

চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের হাতে সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়।

বিশ্ব মা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) হামিদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, মা ছোট্ট একটি শব্দ কিন্তু পৃথিবীর সবচেয়ে মধুরতম ডাক। ছোট্ট এ শব্দের অতলে লুকানো থাকে গভীর স্নেহ, মমতা আর অকৃত্রিম ভালোবাসা। তাইতো মমতাময়ী মায়ের সম্মানে প্রতি বছর মে মাসের দ্বিতীয় রোববার পৃথিবীব্যাপি বিশ্ব মা দিবস পালন করা হয়। মাকে ভালোবাসা ও শ্রদ্ধা জানাতে কোনো দিনক্ষণ প্রয়োজন হয় না। মায়ের প্রতি প্রতিদিনই সন্তানের ভালোবাসা থাকে।

এ সময় চুয়াডাঙ্গায় পাঁচজন স্বপ্নজয়ী মায়েদের হাতে ফুলেল শুভেচ্ছা ও ক্রেষ্ট তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাকসুরা জান্নাত সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।